

উপুড় হাতে থাকো

সোহাগ করে যতই আমি বলি, হাতের তালু উপুড় করে রাখো,
ময়লা যতো ঝরুক পায়ের নীচে, অঙ্গ ভরে শুদ্ধ বাতাস মাখো ।
কালের চাকায় হাজার বছর গেছে, রাখেনি আজো একটা কথাও কেউ,
চিত হাতে জমেছে শুধু ধুলো, খেলছে সেথায় অমঙ্গলের ঢেউ ।
ভিক্ষা করে কাটছে সবার দিন, হয়নি কেউ সিদ্ধ পুরুষ দাতা,
চিত হাতে হতেই হবে এমন, বাড়বে শুধু জীবন ঋণের খাতা ।
দাতার হাত উপুড় হয়েই থাকে, তেমন হওয়াই সবার জন্য ভালো,
তাইতো বলি উপুড় হাতে থাকো, হৃদয় জুড়ে জ্বলবে তবে আলো ।

ঢাকা : ২৩.০১.২০০৭

মুহম্মদ আবদুস সালাম